গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
ঢাকা।

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ / ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৭৭-আইন/২০২২/১৯০-মূসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৫০-আইন/২০২১/১৪৭-মূসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(ক) ক্ষমতাপ্রদান অংশে উল্লিখিত "কম্পিউটার" শব্দের পরিবর্তে "কম্পিউটার ও প্রযুক্তি নির্ভর পণ্যসমূহ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) টেবিল এর কলাম (১) এর শিরোনামা সংখ্যা (Heading No.) 84.71 এবং উহার বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড 8471.60.90 ও কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ সামঞ্জস্যপূর্ণ নামকরণ ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

"8471.60.90	কিবোর্ড, মাউস, বারকোড বা কিউআর স্ক্যানার, ইন্টারেকটিভ ডিসপ্লে"; এবং

(গ) টেবিল এর কলাম (১) এর শিরোনামা সংখ্যা (Heading No.) 84.73 এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ শিরোনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-

"85.04	8504.40.10	মোবাইল ফোনের চার্জার
85.07	85.07.60.00	মোবাইল ফোনের ব্যাটারি"।

২। এই প্রজ্ঞাপন ০৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(আবু হেনা মোঃ রহমাতুল মুনিম)
সিনিয়র সচিব